


# যুগান্তর

রিট খারিজ

## নোবিপ্রবির ভিসি পদে অহিদুজ্জামানের নিয়োগ বৈধ

প্রকাশ : ০৯ আগস্ট ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ভিসি পদে অধ্যাপক ড. এম অহিদুজ্জামানকে নিয়োগের বৈধতা চ্যালেঞ্জ করে দায়ের করা রিট খারিজ করে দিয়েছেন হাইকোর্ট। বুধবার এ সংক্রান্ত এক রিটের চূড়ান্ত শুনানি শেষে বিচারপতি মো. আশফাকুল ইসলাম ও বিচারপতি মোহাম্মদ আলীর হাইকোর্ট বেঞ্চ রিট খারিজ করে দিয়েছেন। এ আদেশের ফলে ড. এম অহিদুজ্জামানের নিয়োগ বৈধ ছিল বলে জানিয়েছেন তার আইনজীবী শেখ আলী আহমেদ খোকন। রিটের পক্ষে শুনানি করেন ড. শাহদীন মালিক, অধ্যাপক অহিদুজ্জামানের পক্ষে অ্যাডভোকেট আহসানুল করিম ও শেখ আলী আহমেদ খোকন।

খোকন বলেন, ২০১৫ সালের ২ জুন নোবিপ্রবির ভিসি হিসেবে নিয়োগ পান ড. এম অহিদুজ্জামান। এরপর ২০১৭ সালে তার নিয়োগের বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট করেন একই বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক ড. আনোয়ারুল বাশার। ওই রিটের প্রাথমিক শুনানি নিয়ে ২০১৭ সালের ৬ জুন হাইকোর্ট রুল জারি করেন। রুলে তার নিয়োগ কেন অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে চাওয়া হয়। এ রুলের চূড়ান্ত শুনানি করে রিট আবেদনটি আজ খারিজ করে দেন হাইকোর্ট।

---

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।